



66

**শিবির ও ছাত্রদলের
সংঘর্ষে আলীয়া
মাদ্রাসা বন্ধ ঘোষণা**

(নিজস্ব বার্তা পরিবেশক)

গত রোববার দিবাগত রাত
প্রায় ২টায় বকশী বাজারস্থ আলীয়া
মাদ্রাসা হোস্টেলে ইসলামী ছাত্র-
(৭-এর পাতায় দেখুন)

১৩শে আগস্ট, ১৯৮৮

আলীয়া মাদ্রাসা বন্ধ ঘোষণা

(১ম পাতার পর)

শিবির ও জাতীয়তাবাদী ছাত্রদলের
কর্মীদের মধ্যে সশস্ত্র সংঘর্ষে
কমপক্ষে ২৫ জন আহত হয়।
হোস্টেলের সিট দখল এই সংঘ-
র্ষের কারণ বলে পুলিশ জানি-
য়েছে।

মাদ্রাসা কর্তৃপক্ষ গতকাল
সোমবার থেকে আলীয়া মাদ্রাসা
অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা
করেছেন। ছাত্রদেরও হল ত্যাগের
নির্দেশ দেয়া হয়। সকালেই ছাত্ররা
হল ত্যাগ করে চলে গেছে। লাল-
বাগ থানা পুলিশ ৪২ জন ছাত্রকে
গ্রেফতার করে আদালতে পাঠি-
য়েছে।

প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে
জানা যায় যে, রাত প্রায় ২টায়
হোস্টেলে বহিরাগতদের সাহায্য
নিয়ে একদল ছাত্র প্রতিপক্ষের
কক্ষগুলোতে হামলা চালায়।
অপর পক্ষও পাল্টা হামলা চালায়।
দু'পক্ষই বোমা, লাঠি, হকি ষ্টিক
প্রভৃতি ব্যবহার করেছে। ১০/
১৫টি হাতবোমা বিস্ফোরিত হয়।
২।৩ রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণের
শব্দও পাওয়া গেছে। দু'
পক্ষের সশস্ত্র কর্মীরা ১০/১২টি
রুমে ভিওচুর করে। এ সংবাদ
লালবাগ থানায় পৌঁছলে পুলিশ
ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়-
ন্ত্রণে আনে। দাঙ্গা পুলিশও
সেখানে পৌঁছে পুলিশ ঘেরাও
দিয়ে ৯০ জন ছাত্রকে আটক করে
লালবাগ থানায় নিয়ে যায়। দুপু-
রের দিকে ৪৮ জনকে ব্যক্তিগত
জামিনে ছেড়ে দেয়া হয়েছে। ৪২
জনকে আদালতে পাঠিয়ে দেয়া হয়।
ওরুতরভাবে আহতদের চাকা
মেডিক্যাল কলেজ হাসপাতালে
ভর্তি করা হয়েছে।

বিভিন্ন সূত্রে জানা গেছে যে,
মাদ্রাসায় নিজেদের প্রভাব বিস্তা-
রের জন্য ওই দু'টি ছাত্র সংগঠ-
নের কর্মীদের মধ্যে দীর্ঘদিন
থেকে প্রতিযোগিতা চলে আসছে।
প্রায়ই দু'পক্ষের সশস্ত্র কর্মীদের
মধ্যে সংঘর্ষ হয়।

গত রোববার দিবাগত গভীর
রাতের সংঘর্ষের ব্যাপারে লালবাগ
থানায় একটি মামলা দায়ের করা
হয়েছে।

ছাত্রদলের বিবৃতি

জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা
মহানগরী শাখা এক বিবৃতিতে
রোববার রাতে আলীয়া মাদ্রাসায়
হামলার জন্য স্বাধীনতা বিরোধী
চক্রকে দায়ী করে বলেছে, এই
চক্র দেশের বিভিন্ন শিক্ষা প্রতি-
ষ্ঠানে সম্মান চালিয়ে আসছে।
সম্মান স্বীকারীদের শাস্তিদারী
করে বিবৃতিতে এক্যবন্ধভাবে এই
চক্রের মোকাবেলা করতে দেশ-
প্রেমিক গণতান্ত্রিক শক্তির প্রতি
আহ্বান জানানো হয়।

28